

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

File

নং-২১.০০.০০০০.৩৬৫.২৭.৮৮১.১৭-

তারিখঃ ০৪/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টলাইজার প্রকল্পের টেন্ডার ডকুমেন্ট মূল্যায়নে কারিগরী সাব-কমিটি গঠন প্রসঙ্গে মতামত প্রদান।

সূত্রঃ ৩৬.০১.০১৪.০৫.২৫.০১২৩.২০১২/২২৫; তারিখঃ ০৬/০৮/২০১৭ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৮(১৪) মোতাবেক বিশেষ কোন দরপত্র বা প্রস্তাব মূল্যায়নে কারিগরী সহায়তা আবশ্যিক বলে অনুভূত হলে অনধিক ৩ (তিন) সদস্যের কারিগরী সাব-কমিটি গঠন করার সংস্থান রয়েছে। এটির উর্ধ্বসীমা নির্ধারিত বিধায় বর্ণিত কমিটিতে ৩ (তিন) জনের বেশী সদস্যকে অন্তর্ভুক্ত করার সুযোগ নেই। তবে বিষয়োক্ত বর্ণিত পরিস্থিতিতে বিশেষ ক্ষেত্রে বিশেষজ্ঞ সদস্য অন্তর্ভুক্ত করার প্রয়োজনে পিপিআর, ২০০৮ এর বিধি ৮(১) এর শর্তমতে সাধারণভাবে নির্ধারিত ৭ (সাত) জনের অধিক সংখ্যক সদস্যের সমন্বয়ে দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করা যেতে পারে। [সূত্রঃ তফসিল-২, বিধি-৮(১)]।

০২। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

চেয়ারম্যান
বিসিআইসি ভবন
৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা
ঢাকা।
[(দৃঃ আঃ-পরিচালক (পরিঃ ও বাস্তঃ), বিসিআইসি)]

Signed
(মাসুদ আকতার খান)
পরিচালক (সংযুক্ত)
ফোনঃ ৯১৪৪২৫৩

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ৩। অফিস কপি।